

গোপালগঞ্জের সেই লম্পট শিক্ষকের অবশেষে আত্মসমর্পণ

গোপালগঞ্জ: ১৬ সেপ্টেম্বর, নিজস্ব সংবাদসাতা ॥
গোপালগঞ্জের কলেজছাত্রী কল্পনা বৈদ্যের আত্মহত্যার
প্ররোচনাকারী বঙ্গবন্ধু কনসেলের সেই লম্পট শিক্ষক প্রদীপ
বিশ্বাস অবশেষে আদালতে আত্মসমর্পণ করেছে।
শিক্ষকের জ্বালাতন সহ্য করতে না পেরে কল্পনা বৈদ্য
(২১) আত্মহত্যা করতে বাধ্য হয়। গত ২৯ জুন গলায়
ফাঁস লাগিয়ে আত্মহত্যা করার পর ৯ জুলাই দৈনিক
জনকণ্ঠে "এবার গোপালগঞ্জের শিক্ষকের জ্বালাতন সহ্যে
না পেরে ছাত্রীর আত্মহত্যা"

দীর্ঘকাল সচিত্র প্রতিবেদন ছাপা
হলে মুকসুমপুর উপজেলার
জালিরপাড় গ্রামের এই

ঘটনাটি এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করে।
গোপালগঞ্জের জেলা প্রশাসক ও পুলিশ সুপারের
টনকনড়ে। তাঁরা ছুটে যান অকুস্থলে। এলাকাবাসী উর্ধ্বতন
কর্মকর্তাদের কাছে প্ররোচক ওই শিক্ষককে শ্রেয়তার করে
দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানায়। জনরোষ ও পুলিশী
শ্রেয়তার এড়াতে শিক্ষক প্রদীপ বিশ্বাস এলাকা ছেড়ে
পালিয়ে যায়। বেশ কিছুদিন আপশাশের এলাকায় থেকে
সে ভারতে পালিয়ে যায়। অবশেষে দীর্ঘ ২ মাস ১৬ দিন
পর শিক্ষক প্রদীপ বিশ্বাস রবিবার গোপালগঞ্জের
প্রথমশ্রেণীর ম্যাজিস্ট্রেট আদালতে আত্মসমর্পণ করে
জামিনের আবেদন জানায়। বিচারক মোঃ বেদায়েত

হোসেন ডাঙ্গুকদার জামিন আবেদন নাকচ করে দিয়ে
তাকে জেলহাজতে প্রেরণের নির্দেশ দেয়।

এর আগে মামলার তদন্তকারী কর্মকর্তা মুকসুমপুর থানার
ওসি বিজয় কুমার মৈত্র দীর্ঘ তদন্ত শেষে গত ২৮ জুলাই
শিক্ষক প্রদীপ বিশ্বাসকে প্রধান আসামী করে ৫ জনের
বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করে। চার্জশীটভুক্ত
অন্য আসামীরা হলো ঐ শিক্ষকের ভগ্নিপতি ডা. কার্তিক
চন্দ্র বিশ্বাস, ভাই, কমল বিশ্বাস, বাবা শ্যাম বিশ্বাস ও মা

চারম্পতা বিশ্বাস। দাখিলকৃত
এ চার্জশীট বিচারক রবিবার
গ্রহণ করেছেন বলে জানা
গেছে।

কলেজছাত্রী কল্পনা বৈদ্যের আত্মহত্যা

জালিরপাড় গ্রামের কলেজছাত্রী কল্পনা বৈদ্যের সাথে একই
গ্রামের পলু বিশ্বাসের প্রেমের সম্পর্ক ছিল। ছোটবেলা
থেকে চলে আসা এই সম্পর্কের পরিণতি বিয়ের মাধ্যমে
মধুর সমাপ্তি ঘটেতে যাচ্ছিল। ঠিক হয়েছিল ৫ জুলাই
তাদের এনগেজমেন্ট হবে। উভয়ের পরিবার এতে সানন্দ
সম্মতিও দিয়েছিল। কিন্তু কল্পনা তার প্রেমিককে ফাঁকি
দিয়ে আত্মহত্যা করে আত্মত্যাগ মিটিয়েছে।
এনগেজমেন্টের ঠিক এক সপ্তাহ আগে সে গলায় ওড়না
পের্টিয়ে ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে। হতভাবতই
অনাকারিকত এই আত্মহত্যার ঘটনায় এলাকায় তোলপাড়
সৃষ্টি হয়।